

## ভিশন ও মিশন

### প্রকল্পের মূল লক্ষ্যঃ

গ্রামাঞ্চলের দরিদ্র মানুষের জন্য তহবিল সৃজন এবং ঐ তহবিল পারিবারিক খামারে বিনিয়োগ পূর্বক স্থায়ীভাবে আয় সৃজনের মাধ্যমে টেকসই দারিদ্র্য বিমোচন। জাতীয় দারিদ্র্যের হার ২০২০ সালের মধ্যে ১০% এ নামিয়ে আনায় অবদান রাখা।

### সুনির্দিষ্ট লক্ষ্যসমূহঃ

১. গ্রামাঞ্চলের প্রতিটি বাড়িকে কৃষিভিত্তিক উৎপাদনের কেন্দ্রবিন্দু হিসেবে গড়ে তোলা;
২. প্রতিটি গ্রামে ৬০ জন দরিদ্র/অতিদরিদ্র/ভিক্ষুক কে নিয়ে গ্রাম উন্নয়ন সংগঠন (ভিডিও) তৈরী যার ৪০ জন মহিলা এবং ২০ জন পুরুষ সদস্য থাকবে;
  ৩. সদস্যদের ক্ষুদ্র সঞ্চয় ও সরকার হতে সঞ্চয়ের বিপরীতে সমপরিমাণ অর্থ অনুদান প্রদানের মাধ্যমে গ্রাম সংগঠন এর জন্য তহবিল সৃজন;
  ৪. গ্রাম সংগঠনকে আয়বর্ধক কাজে বিনিয়োগের জন্য ঘূর্ণায়মান তহবিল অনুদান হিসেবে প্রদান;
  ৫. গ্রাম সংগঠনের নির্বাচিত সদস্যদের কৃষিভিত্তিক আয়বর্ধক কাজে দক্ষতা উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
  ৬. সদস্যদের উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা ও আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে ডাটা সেন্টার স্থাপন;
  ৭. বায়োমেট্রিক অথেনটিকেশনের মাধ্যমে সদস্যদের উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে অনলাইন ব্যাংকিং ও বাজারজাতকরণ সেবা প্রদান;
  ৮. প্রতি ইউনিয়নে সদস্যদের জন্য বহুমুখী পাঠদানকেন্দ্র হিসেবে পল্লী পাঠশালা স্থাপন;
  ৯. দারিদ্র্যসীমা হতে উত্তরণকৃত সদস্যদের ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান;
  ১০. বার্ড কুমিল্লার Improving livelihood of rural people of Lalmai-Mainamati hill area of Comilla through integrated agricultural farming প্রকল্পটি পৃথক কম্পোনেন্ট হিসেবে বাস্তবায়ন;
  ১১. সমবায় অধিদপ্তরের Livelihood Improvement of the Ethnic Community through Cooperatives প্রকল্পটি পৃথক কম্পোনেন্ট হিসেবে বাস্তবায়ন;